# বাংলাদেশ কৃষি ব্যাংক

এডিসি ম্যানেজমেন্ট বিভাগ
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

ফোন ঃ ০২-৯৫৫১১৬৮, ০২-৯৫১৩৬৯১
Email ঃ dgmadc@krishibank.org.bd
www.krishibank.org.bd


প্রকা/এডিসি/৪৮-(টার্গেট)(অংশ-১)/২০২৩-২০২৪/ ২৬৮ তারিখ ঃ ৩১.০৩.২০২৪ ইং

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
স্থানীয় মুখ্য কার্যালয়
ও
সকল বিভাগীয় কার্যালয়।

**বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের এটিএম ডেবিট কার্ড ইস্যুকরন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে ইতোপূর্বে জারীকৃত আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগের গত ১৯-১২-২০২১ইং তারিখের পত্র নং-২৪৫৭ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো (কপি সংযুক্ত)। বর্ণিত পত্রে অনলাইন ব্যাংকিং সেবা গ্রাহকদের দোঁড়গোড়ায় পৌছে দেয়াসহ অত্র ব্যাংকে **কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের এটিএম ডেবিট কার্ড ইস্যুকরন** এর বিষয়ে ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক সদয় নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০২। আধুনিক ব্যাংকিং সেবা তৃরান্বিত করার প্রেক্ষিতে গ্রাহকদের এটিএম ডেবিট কার্ড ব্যবহারের মাধ্যমে Technology Based লেনদেন বৃদ্ধি এবং নগদ টাকা বহন নিরুৎসহকল্পে ডেবিট কার্ডের মাধ্যমে সার্বক্ষণিক ব্যাংকিং সেবা প্রদান করার নিমিত্ত গত ২৮/০৪/২০১৩ইং তারিখে বাংলাদেশ কৃষি ব্যাংকে এটিএম ডেবিট কার্ড সার্ভিস চালু হয়েছে। বর্তমানে অত্র ব্যাংকের আওতাধীন ০৬ (ছয়) টি বিভাগাধীন ১২(বার) টি শাখার তত্ত্বাবধানে ১৪(চৌদ্দ) টি এটিএম বুথের কার্যক্রম পরিচালিত হচ্ছে। নিজস্ব বুথ ছাড়াও অত্র ব্যাংকের এটিএম ডেবিট কার্ড ব্যবহার করে গ্রাহকগণ Q-Cash Shared ATM Network এর অর্ন্তভুক্ত ৩২ টি ব্যাংকের ATM Booth এবং NPSB (National Payment Switch Bangladesh) এর আওতায় সকল ব্যাংকের এটিএম বুথ ব্যবহার করে ছুটির দিনসহ ২৪ ঘন্টা লেনদেন সুবিধা পাচ্ছেন এবং POS (Point of Sale) ব্যবহার করে নগদ অর্থের পরিবর্তে বিভিন্ন শপিংমল/দোকান হতে ক্রয়কৃত পণ্যের মূল্য, হোটেল/রেস্টুরেন্ট/ হাসপাতালের বিল প্রদানসহ যে কোন সেবার মূল্য পরিশোধ করা সম্ভব হচ্ছে। বর্তমানে ডেবিট কার্ড ব্যবহার করে গ্রাহকগণ নগদ টাকা উত্তোলনসহ POS (Point of Sale) ব্যবহার করে যে কোন সেবার মূল্য পরিশোধের দৈনিক লেনদেনের সীমা নিম্নে উল্লেখ করা হলোঃ

| ক্র.নং | বিবরণ | লেনদেনের সংখ্যা | একক লেনদেনের সর্বোচ্চ পরিমাণ | মোট লেনদেনের সর্বোচ্চ পরিমাণ |
|---|---|---|---|---|
| ০১। | এটিএম বুথ | প্রতিদিন ০৫(পাঁচ) বার | ২০,০০০/-(বিশ হাজার) | ১,০০,০০০/-(এক লক্ষ) |
| ০২। | POS (Point of Sale) | | ১,০০,০০০/-(এক লক্ষ) | ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) |

০৩। অত্র ব্যাংকে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য ডেবিট কার্ডের চার্জ ফ্রি হওয়া এবং এটিএম ডেবিট কার্ডের মাধ্যমে অনুচ্ছেদ নং-০২ তে উল্লেখিত লেনদেনের সুবিধা থাকা সত্ত্বেও অত্র ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে এটিএম ডেবিট কার্ড ব্যবহার না করার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। এমতাবস্থায়, এটিএম ডেবিট কার্ড ইস্যু বৃদ্ধি কল্পে কার্যকর পদক্ষেপ গ্রহণ এবং নিবিড় তদারকির মাধ্যমে তা বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক মহোদয় কে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলোঃ-

- অত্র ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে বাধ্যতামূলকভাবে ডেবিট কার্ড ইস্যু (১০০%) নিশ্চিত করন এবং এতদ্‌বিষয়ে বাস্তবায়নের প্রতিবেদন <u>নিম্নোক্ত ছক</u> অনুযায়ী এডিসি ম্যানেজমেন্ট বিভাগে (dgmadc@krishibank.org.bd) মেইল মারফত আগামী ৩০-০৪-২০২৪ইং তারিখের মধ্যে প্রেরণ করার অনুরোধ করা হলো।

**নমুনা ছক**

| ভাগাধীন মোট শাখার সংখ্যা | মোট কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | ---------- পর্যন্ত ডেবিট কার্ড গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | -------- পর্যন্ত ডেবিট কার্ড গ্রহণ করেন নাই এমন কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ |
| | | | | |

০৪। বিষয়টি অতীব জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত
Rosid ৩১.০৩.২৪
(মোঃ মামুনুর রশীদ)
মহাব্যবস্থাপক
(আইসিটি মহাবিভাগ)

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ</u>

১. চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
২. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৩. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক আইসিটি মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক পরিচালন মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
৫. মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় (কার্ড ইস্যু কার্যক্রম নিবিড় তদারকি ও পরিধারনের মাধ্যমে কার্ড ইস্যুর লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে)।
৬. ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭. নথি/মহানথি।

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,ঢাকা-১০০০।
আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ।
ফোনঃ ৯৫৭৬৬৫৩, ৯৫৬০০২১ বর্ধিত-৩৩৫; Email: bkbit_atm@krishibank.org.bd


আইসিটি (সিস্টেমস্)/এটিএম-৪৮(২৩)/টার্গেট/২০২১-২০২২/২৪৫৭ তারিখ ঃ ১৯.১২.২০২১ ইং

মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল বিভাগীয় কার্যালয়।

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের এটিএম ডেবিট কার্ড ইস্যু প্রসঙ্গে।

উপোরক্ত বিষয়ের প্রতি গত ২৫/০৮/২০২১ ইং তারিখে ই-মেইলের মাধ্যমে প্রেরিত বিভাগওয়ারী পত্র নং ৫০৫ থেকে ৫১৪ তাং ২৪/০৮/২০২১ ইং এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষন করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০৩৮ টি শাখায় Core Banking Solution (CBS) এর মাধ্যমে অনলাইন ব্যাংকিং কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। বর্তমানে অত্র ব্যাংকের নিজস্ব এটিএম বুথের সংখ্যা ০৮ (আট) টি। অত্র ব্যাংকের এটিএম ডেবিট কার্ড ব্যবহার করে গ্রাহকগণ Q-Cash Shared ATM Network এর অর্ন্তভুক্ত ৩২ টি ব্যাংকের ATM Booth এবং NPSB (National Payment Switch Bangladesh) এর আওতায় সকল ব্যাংকের এটিএম বুথ ব্যবহার করে ছুটির দিনসহ ২৪ ঘন্টায় সর্বোচ্চ ২০,০০০/-(বিশ হাজার) টাকা করে সর্বমোট ১,০০,০০০/-(এক লক্ষ) টাকা দৈনিক উত্তোলনসহ বিভিন্ন শপিংমল/দোকান হতে ক্রয়কৃত পণ্যের মূল্য, হোটেল/রেস্টুরেন্ট/ হাসপাতালের বিল প্রদানসহ যে কোন সেবার মূল্য নগদ অর্থের পরিবর্তে POS (Point of Sale) এর মাধ্যমে প্রতিদিন ০৫(পাঁচ) বার ব্যবহার করে সর্বোচ্চ ৫,০০,০০০/-(পাঁচ লক্ষ) (প্রতি বার ১,০০,০০০/-(এক লক্ষ) টাকার বেশি নয়) পরিশোধ করার সুযোগ রয়েছে। এটিএম ডেবিট কার্ড ব্যবহারের মাধ্যমে নগদ টাকা লেনদেনের ঝুঁকি হ্রাসসহ করোনাভাইরাস জনিত রোগ (কোভিড-১৯) সংক্রমনের বিস্তারের ঝুঁকি হ্রাস পাবে। এটিএম ডেবিট কার্ডের মাধ্যমে লেনদেনের সুবিধা থাকা সত্ত্বেও অত্র ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে এটিএম ডেবিট কার্ড ব্যবহার না করার প্রবণতা পরিলক্ষিত হচ্ছে। বর্নিত প্রেক্ষাপটে এতদ্বিষয়ে এটিএম ডেবিট কার্ডের সংখ্যা বৃদ্ধিকল্পে ২০২১-২০২২ অর্থবছরের লক্ষ্যমাত্রা নির্ধারণসহ অত্র ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের এটিএম ডেবিট কার্ড গ্রহণ নিশ্চিত করার বিষয়ে পত্র প্রেরণ করা হয়েছিল।

০৩। এমতাবস্থায় ২০২১-২০২২ অর্থবছরের নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনসহ অত্র ব্যাংকে কর্মরত সকল কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে এটিএম ডেবিট কার্ড ইস্যু নিশ্চিত করা এবং আবশ্যিকভাবে সকল কর্মকর্তা-কর্মচারীদের SMS Service এর আওতায় অন্তর্ভুক্ত করার কার্যকর ব্যবস্থা গ্রহনের নিমিত্ত আপনাকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

১৯/১২/২০২১

(মোঃ দিদারুল ইসলাম মজুমদার)
মহাব্যবস্থাপক (আইসিটি মহাবিভাগ)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আইসিটি) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। মুখ্য আঞ্চলিক / আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক কার্যালয়/ আঞ্চলিক কার্যালয় (বিভাগীয় কার্যালয় হতে এটিএম কার্ড ইস্যু কার্যক্রম নিবিড় তদারকি ও পরিধারনের মাধ্যমে কার্ড ইস্যুর নিশ্চিত করতে হবে)।
০৬। নথি/ মহানথি।